সংবাদ

তারিখ ... 10 DEC 2012 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

# জামায়াত-কর্মী সন্দেহে রাজধানীতে প্রধান শিক্ষক গ্রেফতার

* প্রতিবাদে যাত্রাবাড়ী থানা ঘেরাও * পরীক্ষা বর্জন

নিজস্ব বার্তা পরিবেশক

রাজধানীর যাত্রাবাড়ী থানার কাজলা এলাকায় একটি স্কুলের প্রধান শিক্ষককে মুক্তির দাবিতে ওই স্কুলের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা থানা ঘেরাও করে। গতকাল দুপুর ১২টা থেকে ১টা পর্যন্ত তারা যাত্রাবাড়ী থানার আশপাশে অবস্থান নিয়ে শিক্ষকের মুক্তি দাবি করেন। পুলিশ উপায় না দেখে ওই শিক্ষককে যাত্রাবাড়ী থানায় দায়ের করা পুরনো দুটি মামলায় গ্রেফতার দেখিয়ে আদালতে পাঠালে আদালত এক দিনের রিমান্ড মঞ্জুর করে। শিক্ষককে আদালতে নেয়ার সময় শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা কান্নায় ভেঙে পড়ে। পরীক্ষার্থীরা গতকাল প্রধান শিক্ষক না থাকায় স্কুলের সব পরীক্ষা বর্জন করে ঘেরাও কর্মসূচিতে শিক্ষক : পৃষ্ঠা : ১৫ ক : ৮

## শিক্ষক : গ্রেফতার

(১ম পৃষ্ঠার পর)

অংশগ্রহণ করে। শিক্ষার্থী, অভিভাবক ও শিক্ষক সূত্রে জানা গেছে, শিক্ষকের নাম আবুল খায়ের। গত শনিবার দুপুর ১২টার দিকে স্কুলে কর্মরত অবস্থায় পুলিশ তাকে গ্রেফতার করে। গতকাল পুলিশ তাকে পুরনো দুটি মামলায় আসামি করে আদালতে পাঠায়। যাত্রাবাড়ী থানার নয়ানগর এলাকায় নিউনেশন মডেল স্কুলের প্রধান শিক্ষক আবুল খায়ের। গতকাল শিক্ষার্থীরা ওই শিক্ষকের মুক্তির দাবিতে যাত্রাবাড়ী থানায় এসে ভিড় করতে থাকে। তাদের সঙ্গে অভিভাবক ও স্কুলের শিক্ষকরাও যুক্ত হয়ে তার মুক্তির দাবি জানান। শিক্ষার্থীসহ প্রায় পাঁচ শতাধিক লোক ঘেরাও কর্মসূচিতে অংশগ্রহণ করেন।

ওই স্কুলের শিক্ষিকা লুৎফুন নাহার লতা জানান, শনিবার ওই স্কুলে প্রায় ৫০০ ছাত্রছাত্রীর পরীক্ষা চলছিল। এ সময় ৫-৬ জনের পুলিশের একটি দল স্কুলে এসে প্রধান শিক্ষককে খোঁজ করে। স্কুলের আয়া প্রধান শিক্ষককে দেখিয়ে দিলে পুলিশ তাকে গ্রেফতার করে থানায় নিয়ে যায়। ওই সময় ছাত্রছাত্রীদের মধ্যে যাতে কোন ধরনের ভয়ভীতি কাজ না করে সে জন্য তাদের এ বিষয় জানানো হয়নি। পরের দিন রোববার শিক্ষার্থীরা স্কুলে এসে পরীক্ষা দেয়ার সময় প্রধান শিক্ষককে খোঁজ করে। তারা গ্রেফতারের বিষয়টি জানতে পারলে পরীক্ষা বন্ধ করে দেয়। পরে শিক্ষার্থীরা যাত্রাবাড়ী থানায় আসে। তাদের সঙ্গে যুক্ত হয় শিক্ষক ও অভিভাবকরা। ওই স্কুলের সহকারী প্রধান শিক্ষক আয়ুমান আরা জানান, আবুল খায়ের কোন রাজনীতির সঙ্গে যুক্ত নন। তিনি বলেন, আবুল খায়েরের বাড়ি ভোলা জেলায়। তিনি কাজলা এলাকায় বিবাহ করে স্থায়ী হন। তিনি ব্যক্তিগতভাবে সৎ। কাজলা এলাকায় তাদের স্কুলের ব্যাপক সুনাম রয়েছে। ওই স্কুলের সুনাম ক্ষুণ্ন করার জন্যই একটি মহল তাকে পুলিশ দিয়ে গ্রেফতার করিয়েছে। তিনি অবিলম্বে গ্রেফতারকৃত ওই শিক্ষকের মুক্তি দাবি করেন।

এ ব্যাপারে যাত্রাবাড়ী থানার এসআই শাহজাহান জানান, ওই শিক্ষক জামায়াতের একজন কর্মী। ৪ ডিসেম্বর জামায়াতের হরতালের সঙ্গে সম্পৃক্ততার খবরের ভিত্তিতে তাকে গ্রেফতার করা হয়েছে। গতকাল গাড়ি ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনায় দুইটি দ্রুত বিচার আইনে তাকে গ্রেফতার দেখিয়ে আদালতে পাঠানো হয়। আদালত তার একদিনের রিমান্ড মঞ্জুর করেন। তাকে পুলিশি হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।